**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**
**Date: 21-10-2025**
**Time : 1.30 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, পুলিশ বাহিনী দেশের সামাজিক সংহতি এবং ভৌগোলিক সুরক্ষায় দায়বদ্ধ। # তিনি আজ নতুন দিল্লিতে 'জাতীয় পুলিশ স্মারক দিবস' উপলক্ষে এক অনুষ্ঠানে অংশ নেন।

২/ বিহার বিধানসভা নির্বাচনে দ্বিতীয় ও শেষ পর্যায়ে মনোনয়নপত্র যাচাইয়ের কাজ আজ শুরু হয়েছে। # আগামী ১১ই নভেম্বের দ্বিতীয় পর্যায়ের ভোট নেওয়া হবে। #৬ তারিখ হবে প্রথম পর্যায়ের ভোট।

৩/ মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব এবং অভিবাসন দফতর জানিয়েছে, H-1B ভিসার জন্য ১ লক্ষ ডলার ফি নেওয়ার নতুন ব্যবস্হা- ইন্টারন্যাশনাল গ্র্যাজুয়েট বা বর্তমান H-1B ভিসাধারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

৪/ জাপানের সংসদ, তাকাইচি সানে-কে দেশের প্রথম মহিলা প্রধানমন্ত্রী নির্বাচিত করেছে।

৫/ ইজরায়েলের সঙ্গে গাজা চুক্তি লঙ্ঘন করলে হামাসকে সম্পূর্ণভাবে নিশ্চিহ্ন করে দেওয়া হবে বলে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সতর্ক করে দিয়েছেন।

৬/ ভারতের ব্যাডমিন্টন তারকা লক্ষ্য সেন এবং চিরাগ শেট্টি-সাত্বিক সাইরাজ রানকি রেড্ডি জুটি আজ ফরাসি ওপেন ব্যাডমিন্টন প্রতিযোগিতায় তাদের অভিযান শুরু করছে।

*********************************************************************

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, শক্তিশালী পুলিশ বাহিনী মজবুত দেশ গঠন গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে। সরকারের লক্ষ্যই হলো, শক্তিশালী পুলিশ বাহিনী গড়ে তোলা। নতুন দিল্লিতে আজ জাতীয় পুলিশ স্মারক দিবস উপলক্ষে এক অনুষ্ঠানে যোগ দিয়ে, তিনি বলেন, দেশের সামরিক বাহিনী এবং পুলিশ বাহিনী , দুটি আলাদা মঞ্চ। কিন্তু তাদের উদ্দেশ্য এক। দেশকে রক্ষা করে সামরিক বাহিনী, অন্যদিকে পুলিশ সমাজরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। পুলিশ বাহিনী দেশের সামাজিক সংহতি এবং ভৌগোলিক ঐক্য রক্ষায় দায়বদ্ধ। প্রতিরক্ষামন্ত্রী আজ জাতীয় পুলিশ স্মৃতি সৌধে শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পন করেন। প্রতিরক্ষামন্ত্রী

বলেন, দেশ অমৃতকালের মধ্য দিয়ে চলেছে। ২০৪৭-এর বিকশিত ভারতের স্বপ্নকে সফল করতে সরকার যে উদ্যোগ নিয়েছে, তাতে সকলের সহযোগিতা প্রয়োজন।

(বাইট – রাজনাথ)

উল্লেখ্য, ১৯৫৯ সালের এই দিনে লাদাখের হট স্প্রিংসে চীনা সেনাদের আক্রমণে ১০ জন বীর পুলিশ সদস্য প্রাণ হারিয়ে ছিলেন। সেই থেকে প্রতি বছর ২১-শে অক্টোবর পুলিশ স্মারক দিবস হিসেবে পালিত হয়।

*************************************************************************

জাতীয় পুলিশ স্মারক   দিবস উপলক্ষ উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান পুলিশ কর্মীদের আত্মত্যাগের জন্য গভীর শ্রদ্ধা জানিয়েছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পুলিশ কর্মীদের সাহসিকতাকে কুর্নিশ  জানিয়েছেন।  তাদের কর্তব্য পালনে  সর্বোচ্চ ত্যাগের কথা স্মরণ করে সমাজ মাধ্যমে এক বার্তায়  শ্রী মোদী বলেন, তাদের অবিচল নিষ্ঠা জাতি ও জনগণকে সুরক্ষিত রাখে।  সংকটের সময় তাদের সাহসিকতা এবং অঙ্গীকার প্রশংসনীয়।
পুলিশ স্মারক  দিবসে  কর্মীদের শুভেচ্ছা জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন,  অভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষায় তাদের অতুলনীয় সাহসও অঙ্গীকার দেশবাসী মনে রেখেছে। তিনি জাতির সেবায় জীবন উৎসর্গকারী শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন।

*************************************************************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজাদ হিন্দ বাহিনীর  প্রতিষ্ঠা দিবসে আজ   নেতাজী সুভাষ চন্দ্র বসু এবং বাহিনীর সদস্যদের আত্মত্যাগের কথা স্মরণ করেছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে, শ্রী শাহ বলেন, আজাদ হিন্দ বাহিনীর মাধ্যমেই নেতাজী,
বিপ্লবীদের মনে আত্মবিশ্বাস জুগিয়েছিলেন যে নিজস্ব সেনা বাহিনী গঠন করেই ভারত স্বাধীনতা অর্জন করতে পারে।

*************************************************************************

বিহার বিধানসভা নির্বাচনে দ্বিতীয় ও শেষ পর্যায়ে মনোনয়ন পত্র যাচাইয়ের কাজ আজ শুরু হয়েছে। ১১ নভেম্বর রাজ্যের ২০ টি জেলার ১২২ টি আসনে ভোট নেওয়া হবে। এই আসনগুলিতে প্রতিদ্বন্দ্বিতা করবেন ২ হাজার ৬০০ জনেরও বেশি প্রার্থী। মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ২৩ অক্টোবর।

উল্লেখ্য, বিহারে দুটি পর্যায়ে ৬ ও ১১ নভেম্বর ভোট নেওয়া হবে।

এদিকে, মহাজোটের শরিকদের মধ্যে তীব্র মতবিরোধ তৈরি হওয়ার ফলে জোট শরিকরা একে অপরের বিরুদ্ধে প্রার্থী দিয়েছে। দ্বিতীয় পর্যায়ের মনোনয়ন পত্র জমা দেওয়ার পরেও রাষ্ট্রীয় জনতা দল- আরজেডি, কংগ্রেস এবং সিপিআই প্রার্থীরা একে অপরের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করছেন। আরজেডি ১৪৩টি, কংগ্রেস ৬১টি এবং সিপিআই লিবারেশন ২০টি আসনে প্রার্থী দিয়েছে। এছাড়াও বিকাশ শীল ইনসান পার্টি লড়াই করবে ১৫টি আসনে। অন্যান্য বাম দলগুলির মধ্যে সিপিআই এবং সিপিআইএম যথাক্রমে ৯টি ও ৪টি আসনে প্রার্থী দিয়েছে। তবে ২৩ অক্টোবর দ্বিতীয় পর্যায়ে নির্বাচনে মনোনয়ন প্রত্যাহারের পর বিহারের ভোটচিত্র স্পষ্ট হয়ে উঠবে।

*************************************************************************

নির্বাচন কমিশন বিহার বিধানসভা নির্বাচনের জন্য সব রাজনৈতিক দল এবং প্রার্থীদের ভোটের আগের দিন এবং ভোটের দিন প্রচারে সংবাদপত্রে প্রকাশিত সব বিজ্ঞাপনের জন্য মিডিয়া সার্টিফিকেশন ও মনিটারিং কমিটি MCMC-র কাছ থেকে আগাম সার্টিফিকেট নিতে নির্দেশ দিয়েছে। অবাধ ও সুষ্ঠু প্রচার সুনিশ্চিত করতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে কমিশন জানিয়েছে। বিহারের ক্ষেত্রে প্রথম দফার জন্য এই দুই তারিখ হলো, ৫ ও ৬-ই নভেম্বর দ্বিতীয় দফার জন্য ১০ এবং ১১-ই নভেম্বর। কমিশন আরও জানিয়েছে, এধরনের বিজ্ঞাপনকে সংশাপত্র দেওয়ার আগে MCMC-কে তা ভালোভাবে পরীক্ষা করে দ্রুত সিদ্ধান্ত নেবার জন্য বলা হয়েছে।

উল্লেখ্য, বিহার বিধানসভার নির্বাচনে দুই দফায় ৬ এবং ১১-ই নভেম্বর ভোট নেওয়া হবে।

*************************************************************************

মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব এবং অভিবাসন দফতর, USCIS ব্যাখা দিয়ে জানিয়েছে, ট্রাম্প প্রশাসন H-1B ভিসার জন্য ১ লক্ষ ডলার ফি নেওয়ার যে নতুন ব্যবস্হা চালু করেছে, তা মার্কিন যুক্তরাষ্ট্রে ইতিমধ্যেই ইন্টারন্যাশনাল গ্র্যাজুয়েট বা বর্তমান H-1B ভিসাধারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। দফতর আরও জানিয়েছে, যাদের কাছে বৈধ F-1, L-1, বা H-1B ভিসা রয়েছে, যারা সেগুলির মেয়াদ বাড়াতে চান, বা স্টেটাস পরিবর্তন করতে চান, তাদের ক্ষেত্রেও নতুন এই ফিজ লাগবে না।

ট্রাম্প প্রশাসনের নতুন এই H-1B ভিসার ফিজ ঘোষণার পর বিভিন্ন মহলে বিভ্রান্তি ছড়ানোয় দফতরের পক্ষ থেকে স্পষ্ট ব্যাখ্যা দিয়ে এই তথ্য জানানো হয়েছে। দফতর বলেছে, ২১-শে সেপ্টেম্বরের পর

H-1B ভিসার নতুন আবেদন প্রার্থীদের এই ফিজ লাগবে। চলতি H-1B ভিসাধারীদের ভ্রমণ অধিকারের ওপরেও তার কোন প্রভাব পড়বে না। মার্কিন অভিবাসন দফতরের এই স্পষ্ট ব্যাখ্যা দেওয়ার পরে ভারতীয় পেশাজীবী ও পড়ুয়াদের এক বড়রকম স্বস্তি মিলেছে। নতুন H-1B ভিসা বরাদ্দের প্রায় ৭০ শতাংশই হলেন এরা। বিশ্লেষকরা সতর্ক করে দিয়ে বলেছেন, বর্তমানের তুলনায় এই ২০ থেকে ১-শো গুণ বেশি ফিজ দিতে হলে স্টার্টাপ কোম্পানীগুলির ক্ষেত্রে আদৌ তা সম্ভব হবে না।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

**********************************************************************

জাপানের সংসদ, তাকাইচি সানে-কে দেশের প্রথম মহিলা প্রধানমন্ত্রী নির্বাচিত করেছে। সেদেশে এটি এক ঐতিহাসিক পদক্ষেপ। লিবারেল ডেমোক্র্যাটিক পার্টির প্রার্থী তাকাইচি, জাপান ইনোভেশন পার্টিকে সঙ্গে নিয়ে নতুন জোট সরকার গঠন করবেন। আনুষ্ঠানিকভাবে জাপান সম্রাট তাঁকে প্রধানমন্ত্রী নিযুক্ত করার পর তাকাইচি শপথ গ্রহণ করবেন। তারপর হবে তাঁর প্রথম সাংবাদিক সম্মেলন। তাকাইচি উচ্চকক্ষে ১২৫-টি ভোট পেয়েছেন, সাধারণ সংখ্যা গরিষ্ঠতার চেয়ে যা ১ বেশি। এর আগে নিম্নকক্ষে তিনি ২৩৭-টি ভোট পান। প্রয়োজনীয় সংখ্যা গরিষ্ঠতার চেয়ে, যা চার বেশি।

তাকাইচি তার প্রতিদ্বন্দ্বিদের সঙ্গে নিয়েই নতুন মন্ত্রিসভা গঠন করতে চলেছেন। কৈজুমি সিনজিরো প্রতিরক্ষা, হায়াসি ইসোমাসা – অভ্যন্তরীণ দফতর ও যোগাযোগ, মতেগি ওসিমিৎসু বিদেশ এবং কাতায়ামা সৎসুকি অর্থমন্ত্রকের দায়িত্ব পাচ্ছেন। নতুন জোট সরকার অর্থনৈতিক সংস্কার, জাতীয় নিরাপত্তা, শক্তি এবং বিদেশ নীতির ওপর গুরুত্ব দেবে বলে জানা গেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, শ্রীমতী তাকাইচি-কে জাপানের প্রথম মহিলা প্রধানমন্ত্রী হওয়ায় অভিনন্দন জানিয়েছেন।

*********************************************************************

ইজরায়েলের সঙ্গে গাজা চুক্তি লঙ্ঘন করলে হামাসকে সম্পূর্ণভাবে নিশ্চিহ্ন করে দেওয়া হবে বলে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সতর্ক করে দিয়েছে। হোয়াইট হাউসে গতকাল সাংবাদিকদের মুখোমুখি হয়ে, প্রকাশ্যে শত্রুপক্ষকে মৃত্যুদন্ড দেওয়ার ব্যাপারে প্যালেস্তিনী জঙ্গি গোষ্ঠী হামাসকে সতর্ক করে দেন ট্রাম্প। যদিও আমেরিকার সেনাবাহিনী কোনভাবেই হামাসের সঙ্গে সরাসরি বিরোধে জড়িত হবে না বলে তিনি জানান।

এদিকে, হামাস পুনরায় আক্রমণের পরিকল্পনা করছে বলে ইজরায়েল অভিযোগ করায়, দু-পক্ষের মধ্যে যুদ্ধ বিরতি ভেস্তে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। এর মধ্যেই আমেরিকার উপ-রাষ্ট্রপতি জেডি ভান্স, ইজরায়েল গেছেন। তার সঙ্গে রয়েছেন আরও ২ জন আধিকারিক।

*********************************************************************

দীপাবলি উদযাপনের অঙ্গ হিসেবে শেয়ার বাজারে ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ- এন এস ই এবং বম্বে স্টক এক্সচেঞ্জ- বি এস ই, আজ বিশেষ ‘মুহরত ট্রেডিং’- এর আয়োজন করছে। দুপুর ১টা ৪৫ থেকে ২টো ৪৫ এর মধ্যে বিশেষ এই পর্ব চলবে। নতুন হিন্দু আর্থিক বছর- বিক্রম সম্ভাত ২ হাজার ৮২ সূচনার উদযাপনেও শেয়ার বাজারে এই বাণিজ্যিক কর্মসূচী আয়োজন করা হয়। মুহরত শব্দের অর্থ হল শুভ সময়, বিশেষ এই মুহূর্তে শেয়ার কেনা বেচা শুভ এবং তা সমৃদ্ধি ও সৌভাগ্য বয়ে আনে বলে মনে করা হয়।

উল্লেখ্য, গতকাল জাতীয় শেয়ার সূচক নিফটি এবং বম্বে স্টক এক্সচেঞ্জ সেনসেক্স দুটিই ছিল উদ্ধর্মুখী।

*********************************************************************

পাঞ্জাব পুলিশ আজ অমৃতস্বর থেকে দুজন জঙ্গিকে গ্রেফতার করে একটি রকেট চালিত গ্রেনেড এবং লঞ্চার আটক করেছে। পুলিশ সূত্রে খবর, মহাকদীপ সিং এবং আদিত্য নামে দুই জঙ্গির সঙ্গে পাকিস্তানের আই এস আই-এর যোগাযোগ রয়েছে এবং আই এস আই এই অস্ত্র পাঠিয়েছে বলে প্রাথমিক তদন্তে জানা গেছে।

*********************************************************************

উৎসবের মরশুমে ভারতীয় রেল, যাত্রী ভিড় সামাল দিতে আগামী দিনে আরও ৮ হাজারটি বিশেষ ট্রেন পরিষেবা দেবে বলে জানিয়েছে। গত পয়লা থেকে ১৯শে অক্টোবরের মধ্যে প্রায় ৪ হাজারটি বিশেষ

ট্রেন চালিয়েছে। এই সময় ১ কোটির বেশি যাত্রীর রেলে ভ্রমণ করেছেন। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব গতকাল রেল বোর্ডের ওয়ার রুম পরিদর্শন করেন এবং উৎসবের মরসুমে যাত্রীদের সুবিধার্থে গৃহীত বিভিন্ন ব্যবস্থা খতিয়ে দেখেন। চব্বিশ ঘন্টা নিরলস পরিশ্রমের জন্য রেল কর্মীদের প্রশংসা করেন তিনি।

*******************************************************************

বিশিষ্ট বলিউড অভিনেতা শ্রী গোবর্ধন আসরানি প্রয়াত। বয়স হয়েছিলো ৮৪ বছর। দীর্ঘদিন ধরেই অসুস্থ ছিলেন তিনি। শোলে ছবিতে জেলারের চরিত্রে তার অভিনয়, বিশেষ প্রশংসা পেয়েছিল।হিন্দি চলচ্চিত্র জগতে পাঁচ দশকব্যাপি অভিনয় জীবনে কৌতুক অভিনেতা হিসাবেই তাঁর সমাদর ছিল বেশি।

*******************************************************************

ভারতের ব্যাডমিন্টন তারকা লক্ষ্য সেন এবং চিরাগ শেঠি, সাত্ত্বিকসাইরাজ রাঙ্কি রেড্ডি জুটি আজ ফরাসি ওপেন ব্যাডমিন্টন প্রতিযোগিতায় তাদের অভিযান শুরু করবে। ফ্রান্সের সেসন সেভিগনের গ্লাজ এরিনায় পুরুষদের সিঙ্গলসে গতবারের সেমিফাইনালিস্ট লক্ষ্য সেন আয়ারল্যান্ডের নাট নগুয়েনের বিরুদ্ধে প্রথম ম্যাচে খেলবেন। অন্যদিকে আয়ুশ শেঠি জাপানের কোকি ওয়াতানাবের মুখোমুখি হবেন।

পুরুষদের ডাবলসে চিরাগ এবং সাত্ত্বিক সাইরাজ রাঙ্কি রেড্ডি জুটি ইন্দোনেশিয়ার মুহাম্মদ রিয়ান আরদিয়ান্তো এবং রহমত হিদায়াতের বিরুদ্ধে খেলবেন। মহিলাদের সিঙ্গেলসে আনমোল খার্ব শীর্ষ বাছাই কোরিয়ার আন সে-ইয়ংয়ের বিরুদ্ধে মুখোমুখি হবেন।

*******************************************************************